

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. কিবলামুখী হয়ে পেশাব পায়খানা করা মাকরূহ

باب كَرَاهِيَةِ اسْتِقْبَالِ الْقِبْلَةِ عِنْدَ قَضَاءِ الْحَاجَةِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا وُهَيْبُ، حَدَّثَنَا عَمْرُو بْنُ يَحْيَى، عَنْ أَبِي زَيْدٍ، عَنْ مَعْقِلِ بْنِ أَبِي مَعْقِلِ الأَسَدِيِّ، قَالَ نَهَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَنْ نَسْتَقْبِلَ الْقِبْلَتَيْنِ بِبَوْلٍ أَوْ غَائِطٍ . قَالَ أَبُو دَاوُدَ وَأَبُو زَيْدٍ هُوَ مَوْلَى بَنِي تَعْلَبَةَ .

_ منكر : ضعيف الجامع الصغير 6001

বাংলা

১০। মা'কিল ইবনু আবূ মা'কিল আল-আসাদী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুই কিবলার (কা'বা ও বাইতুল মাক্রদিসের) দিকে মুখ করে পেশাব-পায়খানা করতে নিষেধ করেছেন।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, আবু যায়দ সা'লাবা গোত্রের দাস।[1]

মুনকার: যঈফ আল-জামি'উস সাগীর ৬০০১।

English

Narrated Ma'qil ibn AbuMa'qil al-Asadi:

The Messenger of Allah (ﷺ) has forbidden us to face the two qiblahs at the time of urination or excretion.

ফুটনোট

[1] আহমাদ (৪/২১০), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পেশাব-পায়খানার সময় ক্বিবলাহমুখী হওয়া নিষেধ, হাঃ ৩১৯), এবং বলা হয়েছে যে, সনদের আবূ যায়িদ এর অবস্থা অজ্ঞাত (মাজহুলুল হাল)। অতএব হাদীসটি তার



কারণে দুর্বল। ইবনু হাজার 'আত-তাহযীব' গ্রন্থে তার জীবনীতে বলেছেনঃ বলা হয়, তার নাম ওয়ালিদ। তিনি মা'কাল ইবনু আবৃ মাকাল আল আসাদী সূত্রে দু' কিবলাহর দিকে মুখ করে পেশাব-পায়খানা নিষেধ হওয়া সম্পর্কিত হাদীস বর্ণনা করেছেন, এবং তার সূত্রে 'আমর ইবনু ইয়াহইয়া ইবনু 'উমরাহ। ইবনুল মাদীনী বলেন, তিনি পরিচিত নন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন